গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.১৪.০৩১.২৪-২৬৮৮ তারিখঃ ০২/০৬/২০২৫ খ্রি:

বিষয়: কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ক্লাব পর্যায়ে তারুণ্যের উৎসব আয়োজন প্রসঙ্গে।

সূত্র: ম.বি.অ. এর স্মারক নং: ৩২.০১.০০০০.০০৫.২৩.১৪০.২৫-১৮২ তারিখ: ২৮/০৫/২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে গত ২৬/০৫/২০২৫ খ্রি: তারিখে বছরব্যাপী তারুণ্যের উৎসব চলমান রাখার লক্ষ্যে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে জনসমাগম হয় এমন স্থানে মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম যেমন: বাল্যবিবাহ প্রতিরোধ, ভিডব্লিউবি কর্মসূচী, এমসিবিপি কর্মসূচী, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, আইনি সহায়তা, ক্ষুদ্রঋণ, বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ, ৮টি আবাসিক ও অনাবাসিক প্রশিক্ষণ কেন্দ্র, দু:স্থদের সহায়তা, হোস্টেল সেবা, ডে-কেয়ার ইত্যাদি সেবামুলক কার্যক্রম এবং বিভিন্ন সাংস্কৃতিক কর্মকান্ড যেমন: গান (গম্ভীরা, ধামাইল, জারি-সারি), কবিতা ইত্যাদির মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে ব্যাপক প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, ক্লাবের বাইরে জনসমাগম ঘটে এমন স্থানে স্থানীয় প্রশাসনের সাথে আলোচনাপূর্বক সমন্বয়ের মাধ্যমে সুবিধাজনক সময় নির্ধারণ করে ক্লাব পর্যায়ে তারুণ্যের উৎসব আয়োজন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) ফর্দ।

02.06.2025

মো: লিয়াকত আলী
উপপ্রকল্প পরিচালক
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

বিতরণ:
১। উপপরিচালক (সকল জেলা)
২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)
মহিলা বিষয়ক অধিদপ্তর।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):
১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল উপজেলা)।
২। উপপরিচালক (প্রশাসন), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩। সহকারী পরিচালক, (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা),মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৫। ফিল্ড সুপারভাইজর, জেন্ডার প্রোমোটার, সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প।
৬। অফিস কপি।

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা
ডায়েরী নং: ২৬৮৭
তারিখ: ০২-০৬-২০২৫
অফিস সহঃ কাম কম্পিউটার অপাঃ..........
হিসাবরক্ষক..........
সহকারি প্রকল্প পরিচালক..........
উপ-প্রকল্প পরিচালক..........
প্রকল্প পরিচালক..........

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
www.dwa.gov.bd

স্মারকনং- ৩২.০১.০০০০.০০৫.২৩.১৪০.২৫ - তারিখ: / ০৫/২০২৫ খ্রি:

বিষয় : বছরব্যাপী তারুণ্যের উৎসব চলমান রাখার জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : কেয়া খান, মহাপরিচালক (গ্রেড- ১)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

সভার স্থান : ২য় তলার সভাকক্ষ

তারিখ ও সময় : ২৬.০৫.২০২৫, সকাল- ১১:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা : পরিশিষ্ট-'ক'।

বছরব্যাপী তারুণ্যের উৎসব চলমান রাখার লক্ষ্যে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর-এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন ''এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই'' এই স্লোগানকে সামনে রেখে ৩০ শে সেপ্টেম্বর ২০২৪ হতে ১৯ ফেব্রুয়ারী ২০২৫ পর্যন্ত দেশব্যাপী যে তারুণ্যের উৎসব উদযাপিত হয় তারই সফলতার ধারাবাহিকতায় বছরব্যাপী উৎসবটি কিভাবে উদযাপন করা যায়; মূলত সেই বিষয়ে কর্মপরিকল্পনা প্রস্তুত করার উদ্দেশ্যেই আজকের এই সভা। এ পর্যায়ে তিনি বিষয়ভিত্তিক আলোচনার জন্য উপপরিচালক (রেজি: ও জনসংযোগ) কে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (রেজি: ও জনসংযোগ) তারুণ্যের উৎসব সংক্রান্ত প্রধান উপদেষ্টার কার্যালয়ের ডি.ও.পত্র এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা পত্র সভায় উপস্থাপন করেন। বছরব্যাপী তারুণ্যের উৎসব কিভাবে উদযাপন করা যায়, সে বিষয়ে সভায় উপস্থিত সকলের মতামত আহবান করেন। বিস্তারিত আলোচনান্তে একটি খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়। নিম্নে সেটি তুলে ধরা হলো।

## তারুণ্যের উৎসব: কর্মপরিকল্পনা

| ক্র.নং | কার্যক্রমের নাম | বিবরণ | স্থান | বাস্তবায়নকারী | সময় |
|---|---|---|---|---|---|
| ১. | তারুণ্যের উৎসব উদ্যোক্তা মেলা | স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় পূর্বক মহিলা বিষয়ক অধিদপ্তর হতে নিবন্ধনকৃত সমিতি এবং স্থানীয় নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য নিয়ে মেলা আয়োজন। | স্থানীয় প্রশাসনের সাথে আলোচনাপূর্বক স্থান নির্ধারণ। | জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা পূর্বক সময় নির্ধারণ। |
| ২. | পথনাটক তৈরী ও প্রদর্শন | মহিলা বিষয়ক অধিদপ্তর এর বিভিন্ন কার্যক্রম যেমন: বাল্যবিবাহ প্রতিরোধ, ভিডব্লিউবি কর্মসূচী, এমসিবিপি কর্মসূচী, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, আইনি সহায়তা, ক্ষুদ্রঋন, বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ, ৮ টি আবাসিক ও অনাবাসিক প্রশিক্ষণ কেন্দ্র, দু:স্থদের সহায়তা, হোস্টেল সেবা, ডে-কেয়ার সেবা ইত্যাদি কার্যক্রমের উপর ভিত্তি করে নাটিকা প্রস্তুত ও প্রদর্শন। উল্লেখ্য এলাকা/অঞ্চল ভিত্তিক প্রচলিত বিভিন্ন মাধ্যম যেমন: পুথিপাঠ, জারি গান, সারি | স্থানীয় প্রশাসনের সাথে মতামতের ভিত্তিতে স্থান নির্ধারণ। | জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা পূর্বক সময় নির্ধারণ। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | গান, পালা গান, গম্ভীরা, লাঠিখেলা ইত্যাদির মাধ্যমেও মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম/সেবাসমূহ তুলে ধরা যেতে পারে। | | | |
| ৩. | কিশোর কিশোরী ক্লাবের মাধ্যমে মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রমকে ইউনিয়ন পর্যায়ে প্রদর্শন। | স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে জনসমাগম হয় এমন স্থানে কিশোর-কিশোরী ক্লাবের মাধ্যমে মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম যেমন:বাল্যবিবাহ প্রতিরোধ, ভিডব্লিউবি কর্মসূচী, এমসিবিপি কর্মসূচী, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, আইনি সহায়তা, ক্ষুদ্রঋন, বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ, ৮ টি আবাসিক ও অনাবাসিক প্রশিক্ষণ কেন্দ্র, দু:স্থদের সহায়তা, হোষ্টেল সেবা, ডে-কেয়ার সেবা ইত্যাদি ইউনিয়ন পর্যায়ে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা। | ক্লাবের বাইরে জনসমাগম ঘটে এমন স্থানে (হাট-বাজার মাঠ, ইত্যাদি স্থান) | জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়/ কিশোর-কিশোরী ক্লাব। | স্থানীয় প্রশাসনের সাথে আলোচনাপূর্বক সময় নির্ধারণ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ
(কেয়া খান)
মহাপরিচালক (গ্রেড-১)
মহিলা বিষয়ক অধিদপ্তর
ফোন: ৪৮৩১৯১৪৯

## পরিশিষ্ট 'ক'

**বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:**

০১. প্রকল্প পরিচালক (২০টি শিশু দিবাযত্নকেন্দ্র স্থাপন প্রকল্প),মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা
০২. প্রকল্প পরিচালক (আইসিভিজিডি প্রকল্প), মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা
০৩. প্রকল্প পরিচালক (জিসিএ প্রকল্প),মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা
০৪. প্রকল্প পরিচালক (কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প),মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা
০৫. পরিচালক,মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা
০৬. দীপক কুমার রায়, উপসচিব, প্রশাসন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. অতিরিক্ত পরিচালক,মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা
০৮. উপপরিচালক (প্রশাসন ও অর্থ),মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা
০৯. উপপরিচালক (রেজি: ও জনসংযোগ),মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা
১০. উপপরিচালক (পরি: ও মূল্যায়ণ),মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা
১১. উপপরিচালক (ভিডব্লিউবি),মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা
১২. উপপরিচালক (প্রশিক্ষণ),মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা
১৩. উপপরিচালক (দিবাযত্ন),মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা
১৪. উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়,মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।

অনুলিপি:

০১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৩. জনসংযোগ কর্মকর্তা (পিআরও), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

স্মারকনং- ৩২.০১.০০০০.০০৫.২৩.১৪০.২৫ - ৬৮২ তারিখ: ২৮ / ০৫/২০২৫ খ্রি:

২৮/৫/২০২৫

(রেজিনা আরজু লাভলী )
উপপরিচালক
রেজিস্ট্রেশন ও জনসংযোগ শাখা (অতিরিক্ত দায়িত্ব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।